

দা য়ি ত্ব শী ল দে র দৈ নি ক

দেশ রূপান্তর

Desh Rupantor, 21-05-24, Online

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের উদ্যোগে কৃষিভিত্তিক পণ্য প্রদর্শনী



সংগৃহীত ছবি

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির 'এনভায়রনমেন্টাল অ্যান্ড সোশ্যাল ক্লাব'-এর আয়োজনে প্লাস্টিক মুক্ত পরিবেশ বান্ধব পণ্য নিয়ে অনুষ্ঠিত হলো 'ইকো ফেয়ার ৩.০'।

১৯ এবং ২০ মে দুই দিনব্যাপী ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাস আফতাবনগরে অনুষ্ঠিত এই প্রদর্শনীতে ক্ষতিকর প্লাস্টিকের বিকল্প পণ্য ও ব্যবসার বিভিন্ন ধরন এবং উদ্ভাবনকে শিক্ষার্থীদের সাথে পরিচিত করানো হয়। এবারের প্রদর্শনীতে সর্বমোট ১৯টি স্টলে নিজেদের পণ্য নিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান এবং বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, এয়ার কমান্ডার (অব.) ইশফাক ইলাহী চৌধুরী আনুষ্ঠানিকভাবে এই মেলার উদ্বোধন করেন। উদ্বোধনের পরে তারা স্টলগুলি পরিদর্শন করেন টেকসই জীবনযাপনের জন্য কাঠের তৈরি পণ্য, মাটির তৈরি পণ্য দেখে তাঁরা শিক্ষার্থীদের প্রশংসা করেন।

তারা "গ্রিন কর্নার" নামক একটা ক্ষুদ্র নার্সারিরও উদ্বোধন করেন। যেখানে কোনো দোকানদার ছাড়াই নির্ধারিত মূল্য রেখে শিক্ষার্থীরা গাছ লাগাতে পারবেন। 'ইকো ফেয়ার ৩.০'-এরমত আয়োজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশ বান্ধব পণ্য ব্যবহারে অনুপ্রাণিত করবে এবং দেশের পরিবেশ সুরক্ষায় অবদান রাখবে বলে আয়োজকরা মনে করেন।